NORTH SOUTH UNIVERSITY LIBRARY
SEEK KNOWLEDGE
NORTH SOUTH UNIVERSITY

বণিক বার্তা বুধবার, জানুয়ারি ২৯, ২০২৫ ■ মাঘ ১৫, ১৪৩১

এনএসইউতে জাতীয় শিক্ষা ও উদ্ভাবন সংলাপ অনুষ্ঠিত

নর্থ সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ) ও বাংলাদেশ ব্র্যান্ড ফোরামের উদ্যোগে 'জাতীয় শিক্ষা ও উদ্ভাবন সংলাপ ২০২৫' শীর্ষক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের প্রধান মিলনায়তনে গতকাল এ আয়োজনের উদ্বোধন করেন শিক্ষা ও পরিকল্পনা মন্ত্রণালয়ের উপদেষ্টা অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক এসএমএ ফায়েজ। সম্মেলনে 'ফিউচার অব এডুকেশন ফর অ্যান ইনোভেটিভ নেশন' শীর্ষক প্লেনারি সেশনে অংশ নেন এনএসইউ উপাচার্য আবদুল হান্নান চৌধুরী, ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. সৈয়দ ফারহাত আনোয়ার, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মোহাম্মদ কামরুল আহসান, এশিয়ান টাইগার ক্যাপিটাল পার্টনার্সের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান ইফতেখারুল ইসলাম এবং বাংলাদেশ ব্র্যান্ড ফোরামের প্রতিষ্ঠাতা ও এমডি শরিফুল ইসলাম। এছাড়া সমাপনী অনুষ্ঠানে বক্তব্য দেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আহসান এইচ মনসুর। —বিজ্ঞপ্তি